

কৃষি বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির মার্চ/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জিয়াউল হক জিয়া
 ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর, জয়পুরহাট

সভার তারিখ : ৩০/০৩/২০২৩খ্রি.
 সময় : বিকাল ০৩.০০ ঘটিকা
 উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত কৃষি বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।
 অতঃপর উপজেলা কৃষি ও সেচ বিভাগের নিম্নবর্ণিত কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	কৃষি বিভাগ	ক) উপজেলা কৃষি অফিসার জানান যে, চলতি ২০২২-২০২৩ রবি মৌসুমে এ উপজেলায় এ পর্যন্ত ১০৩২০ হেক্টর জমিতে বোরো ধান রোপন করা হয়েছে। মাঠ পর্যায় নিয়োজিত উপসহকারী কৃষি কর্মকর্তাগণ বোরো ধানসহ বিভিন্ন প্রকার ফসলের রোগবালাই দমনে নিয়মিত উঠান বৈঠক করছেন এবং কৃষকগণকে পরামর্শ প্রদান করছেন। খ) তিনি আরো উল্লেখ করেন যে, এ উপজেলায় চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে (খরিপ/২০২৩-২৪ মৌসুমে) পাট ফসল আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ৬০০ জন/বিঘা জমিতে এবং উফশী আউশ ধান উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫০০ জন/বিঘা জমিতে সরকার প্রণোদনা কর্মসূচি গ্রহণ করেছেন। গ) তিনি উল্লেখ করেন যে, ১৭-২২ মার্চ/২০২৩ এ দেশের সকল জেলায় হালকা থেকে ভারী বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে পূর্ব সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য কৃষকদের আগাম পরামর্শ প্রদান করা হচ্ছে।	বিভাগীয় কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার আক্কেলপুর উপজেলা
০২	সারের মজুদ পরিস্থিতি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ	তিনি আরো জানান যে, বর্তমানে এ উপজেলায় ইউরিয়া ৪২৪.৭৫ মে. টন, টিএসপি ২১৬.৬৫ মে. টন, ডিএপি ২৯৬.৮০ মে. টন, এবং এমওপি ১৫০.১০ মে. টন মজুদ রয়েছে। চাহিদা সাপেক্ষে সকল প্রকার সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক।	০১) সারের মজুদ, ক্রয়-বিক্রয় এবং মূল্য পরিস্থিতি নিয়মিত মনিটরিং করতে হবে। ০২) সারের কৃত্রিম সংকট নিরসনে উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।	উপজেলা কৃষি অফিসার আক্কেলপুর উপজেলা
০৩	কৃষি সেচ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ	উপজেলা কৃষি অফিসার জানান যে, বিএমডিএ কর্তৃক স্থাপিত ৬৫টি গভীর নলকূপ এবং ব্যক্তি পর্যায়ে স্থাপিত গভীর ও নলকূপের মাধ্যমে গত বোরো মৌসুমে ১০০০০ হেক্টর জমিতে সেচ প্রদান করা হয়েছে। কৃষি সেচের ক্ষেত্রে কোথাও কোন প্রকার সমস্যার সৃষ্টি হয়নি।	সুষ্ঠুভাবে কৃষিতে সেচ কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার আক্কেলপুর উপজেলা

আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ জিয়াউল হক জিয়া)
 ভাইস-চেয়ারম্যান
 উপজেলা পরিষদ
 আক্কেলপুর, জয়পুরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
আক্কেলপুর, জয়পুরহাট

নং-০৫.৪৩.৩৮১৩.০০০.০৪.০৩২.২৩-

তারিখঃ ৩০/০৩/২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর, জয়পুরহাট
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৩। উপজেলা কৃষি অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৪। উপজেলা..... অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৫। চেয়ারম্যান, রুকিন্দীপুর/সোনামুখী/গোপীনাথপুর/তিলকপুর/রায়কালী ইউপি, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৬। জনাব আক্কেলপুর, জয়পুরহাট
- ০৭। অফিস কপি



(মোঃ জিয়াউল হক জিয়া)
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আক্কেলপুর, জয়পুরহাট